# দুর্গাপূজা নিরাপদ, গুজব রুখতে সব পদক্ষেপ নেওয়া হবে: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী জানিয়েছেন, দুর্গাপূজা উৎসব স্বাভাবিকভাবে সম্পন্ন হবে এবং এই নিয়ে কোনো শঙ্কা নেই। তবে প্রতিবেশী দেশ ও ফ্যাসিস্ট সহযোগীরা বিভ্রান্তিমূলক গুজব ছড়ানোর চেষ্টা করতে পারে। উৎসবের নিরাপত্তা নিশ্চিত করতে সশস্ত্র বাহিনীর এক লাখ সদস্য ও পুলিশের ৭০ হাজার সদস্য মোতায়েন থাকবে।

রোববার (২৮ সেপ্টেম্বর) সচিবালয়ে অনুষ্ঠিত কোর কমিটির বৈঠক শেষে স্বরাষ্ট্র উপদেষ্টা সাংবাদিকদের বলেন, সারাদেশে দুর্গাপূজার নিরাপত্তা নিশ্চিত করতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি জানান, শুধুমাত্র সেনাবাহিনী নয়, বিজিবি ও অন্যান্য নিরাপত্তা বাহিনীও মাঠে দায়িত্ব পালন করবে।

উপদেষ্টা আরও উল্লেখ করেন, পূজাকে কেন্দ্র করে যদি গুজব ছড়িয়ে বা সাম্প্রদায়িক শান্তি বিঘ্নিত করার চেষ্টা করা হয়, তবে আইনানুগ কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

তাছাড়া, খাগড়াছড়িতে সম্প্রতি ঘটে যাওয়া ঘটনার প্রেক্ষিতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক উপদেষ্টা সুপ্রদীপ চাকমা সব পক্ষকে নিয়ে বৈঠক করেছেন এবং পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করছেন।

LENS ASIA